

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd); যুউঅ. বাংলা



স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৫.২৩.০২০.২১- ১২৬১

তারিখ : ১২/১০/২০২১খ্রি.

বিষয়: “জাতীয় যুব দিবস ২০২১” উদযাপন।

আগামী ১ নভেম্বর ২০২১ তারিখ “জাতীয় যুব দিবস ২০২১” স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সাড়ম্বরে উদযাপিত হবে। জাতীয় উন্নয়নে দক্ষ যুব সমাজের অপরিহার্য অংশগ্রহণের প্রেক্ষাপটে “জাতীয় যুবদিবস ২০২১” এর প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে:


“দক্ষ যুব সমৃদ্ধ দেশ  
বঙ্গবন্ধুর বাংলাদেশ”

২। কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় জাতীয় পর্যায়ে “জাতীয় যুব দিবস ২০২১” এর ভারুয়ালি উদ্বোধনী অনুষ্ঠান, জাতীয় যুব পুরস্কার প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠান, যুব স্ক্রালী, যুবমেলাসহ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আব্দুল হামিদ “জাতীয় যুব দিবস ২০২১” এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভারুয়ালি সংযুক্ত থেকে “জাতীয় যুব দিবস ২০২১” এর শুভ উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। মাঠ পর্যায়েও যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপন করার লক্ষ্যে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তার পরামর্শ ও সহযোগিতা নিয়ে এ বছরেও অন্যান্য বছরের মতো জেলা/উপজেলা পর্যায়ে, উদ্বোধনী অনুষ্ঠান, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনসহ প্রশিক্ষণ কোর্স উদ্বোধন, সনদপত্র ও ঋণের চেক বিতরণ, রক্তদান কর্মসূচি, যুব প্রশিক্ষণ কেন্দ্রের বা আত্মকর্মীর পুকুরে মাছের পোনা অবমুক্তকরণ, সফল আত্মকর্মী/সফল যুব সংগঠকদের পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ, পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান, মাদক ও সন্ত্রাস-জঙ্ঘিবাদবিরোধী জনসচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে।

৩। এলাকার মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/সংসদ সদস্য ও বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক/জেলা পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়র/পৌর মেয়র/উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসারসহ প্রশিক্ষিত যুবক/যুবমহিলা, সফল আত্মকর্মী/সফল যুবসংগঠক, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গকে অতিথি হিসেবে আমন্ত্রণপূর্বক অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে এবং তাঁদের পরামর্শক্রমে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে স্থানীয়ভাবে কর্মসূচি বাস্তবায়নে করা যায়। এছাড়া, যুব প্রশিক্ষণ কেন্দ্র ও প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীদের সম্পৃক্ত করে তাঁদেরকে দায়িত্ব প্রদানপূর্বক “জাতীয় যুবদিবস ২০২১” উদযাপনের প্রয়োজনীয় প্রস্তুতি/ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৪। “জাতীয় যুব দিবস ২০২১” যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত যুব উন্নয়ন অধিদপ্তরধীন বিভাগীয় জেলা কার্যালয়ে (ঢাকা জেলা ব্যতীত) ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা, ৫৭টি জেলা কার্যালয়ে ১২,০০০/- (বার হাজার) টাকা এবং ৪২৮টি উপজেলা কার্যালয়ে ৮,০০০/- (আট হাজার) টাকা করে (সদর/ইউনিট থানা ব্যতীত) বাজেট বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রদত্ত বরাদ্দে স্থানীয় প্রশাসন এবং যুব সংগঠনসমূহকে সম্পৃক্ত করে “জাতীয় যুব দিবস ২০২১” এর কর্মসূচি গ্রহণ করা যেতে পারে।

৫। ২০৪১ সালে উন্নত সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণের প্রত্যয়ে সংশ্লিষ্ট সকলকে সম্পৃক্ত করে “জাতীয় যুবদিবস ২০২১” উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
১২/১০/২১  
(মোঃ আজহারুল ইসলাম খান)

মহাপরিচালক

ফোন : ২২৩৩৮৯৩৮৯।

প্রাপক :

০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর

..... জেলা

০২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর,


..... উপজেলা ..... জেলা।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৫.২৩.০২০.২১-১২৬২

তারিখ : ১২/১০/২০২১খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মাননীয় চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।
- ০২। বিভাগীয় কমিশনার .....(সকল) বিভাগ।
- ০৩। পরিচালক/প্রকল্প পরিচালক, .....(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, ..... (সকল) জেলা।
- ০৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ..... (সকল) উপজেলা ..... জেলা।
- ০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ..... (সকল) উপজেলা ..... জেলা।
- ০৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস,.....।
- ১১। কো-অর্ডিনেটর, যুবপ্রশিক্ষণ কেন্দ্র/অধ্যক্ষ, কে.মা.স.উ.কে., যুব উন্নয়ন অধিদপ্তর,.....।
- ১২। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, ..... জেলা।
- ১৩। সহকারী পরিচালক (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। (তাকে পত্রটি ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো।
- ১৪। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, .....(সকল) জেলা।
- ১৫। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, .....(সকল) উপজেলা।
- ১৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১৭। অফিস কপি।

  
(মোঃ মোখলেছুর রহমান)  
উপপরিচালক(প্রশাসন)  
ফোন : ২২৩৩৯৮৯৫২।